

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-১৮-আইন/২০১৪/৬৯৫-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর দফা (গ) এর—

- (১) প্রারম্ভে ‘সুপারশপ,’ শব্দটি ও কমা সন্নিবেশিত হইবে; এবং  
(২) পর নিম্নরূপ একটি ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা :—

‘ব্যাখ্যা’—‘সুপারশপ’ অর্থ শীতাতপ নিয়ন্ত্রিত হটক বা না হটক, একই অঙ্গনে সাকুল্যে ১২,০০০ (বার হাজার) বর্গফুট আয়তনের অধিক নহে, এইরূপ কোন স্বতন্ত্র ও পরিপূর্ণ দোকান, যেখানে আধুনিক বিজ্ঞানসমূত্ত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসমূত্ত, জীবান্মুক্ত, ও প্রিজারভেটিভ বিহীন মাছ-মাংস, চাল-ডাল, শাক-সবজি, ফল-মূলসহ দৈনন্দিন ব্যবহার্য গৃহস্থালি ও মনোহারী পণ্য বিক্রয় করা হইয়া থাকে এবং যেখানে হিসাব সংরক্ষণ ও মূসক-১১ চালান ইস্যু করিবার জন্য আইন ও বিধি দ্বারা নির্ধারিত Electronic Cash Register (ECR) বা Point of Sale (POS) software অথবা উভয়ই ব্যবহার করা হইয়া থাকে এইরূপ দোকান।’।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শাওকাত হোসেন  
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্দালায়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্দিত।

আবদুর রশিদ (উপসচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৫৬৯)

মূল্য : টাকা ৪.০০